



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের সভা

সভাপতি : মোঃ ফসিউল্লাহ্ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

তারিখ : ১০ সেপ্টেম্বর ২০২০

সময় : বেলা ১২:৩০ ঘটিকা

স্থান : মাল্টিপারপাস হলে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

আলোচ্য বিষয়:

- ১। মাঠপর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম বাস্তবায়ন ও পর্যালোচনা;
- ২। বিবিধ।

সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক-তে সংযোজিত।

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভা শুরু করা হয়। সভায় পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনার জন্য জনাব রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দেন। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ, উপপরিচালকবৃন্দ, সহকারী পরিচালক, শিক্ষা/সহ-শিক্ষা কর্মকর্তা ও শিক্ষক প্রতিনিধিবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। নিম্নের বিষয়গুলো সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	মাঠপর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম বাস্তবায়ন ও পর্যালোচনা।	<p>মাঠ পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠান/ দপ্তরসমূহে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম বিষয়ে আলোচনায় জুরুরি চিঠিপত্র ই-মেইলে প্রেরণ /ওয়েবসাইটে প্রকাশ, সিটিজেন চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী কার্যক্রম নিষ্পত্তিকরণের ব্যবস্থা নেয়ার জন্য সভায় আলোচনা করা হয়।</p> <p>খ) করোনা পরিস্থিতিতে নিরাপদে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা, সর্বাধিক প্রান্তিক শিক্ষার্থীদের অন্তর্ভুক্তিকরণ, বিদ্যালয় বন্ধ থাকার ফলে পড়াশোনায় সৃষ্ট হওয়া ক্ষতি এবং শিক্ষা ক্ষেত্রে তৈরি হওয়া বৈষম্য নিরসনে নিরাময়মূলক পদ্ধতি এবং শিক্ষার্থীর মানসিক স্বাস্থ্য ও মনোসামাজিক চাহিদা পূরণ ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে মহাপরিচালক জানান মাঠপর্যায়ে সংসদ টিভি ও রেডিওতে সম্প্রচারের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণি পাঠদান অব্যাহত রয়েছে। বিভিন্ন পর্যায়ে শিক্ষকবৃন্দ নিজ উদ্যোগে স্মার্ট ফোনের মাধ্যমে ক্লাস ধারণ করে অনলাইনে স্ব-স্ব ক্যাচমেন্ট এলাকার শিক্ষার্থীদের শেখানো-শেখানো অব্যাহত রেখেছেন এবং করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে শিশুদের দৈনিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে পরামর্শ প্রদান করা হচ্ছে মর্মে শিক্ষকগণ সভায় অবহিত করেন।</p>	<p>সিটিজেনস্ চার্টার অনুযায়ী সকল কার্যক্রম যথাসময়ে নিষ্পন্ন করা এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরসহ মাঠপর্যায়ের সকল অফিস/প্রতিষ্ঠানে সিটিজেন চার্টার হালফিল করে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।</p> <p>বাস্তবায়ন : পরিচালক (সকল)/বিভাগীয় উপপরিচালক (সকল)/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার।</p> <p>খ) করোনা পরিস্থিতিতে শিশুদের পাঠদান অব্যাহত রাখতে সংসদ টিভিতে প্রচারিত শ্রেণি কার্যক্রমে অংশ নিতে শিক্ষার্থীদের উৎসাহী করতে হবে। অবিভাবকের মাধ্যমে শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতন করতে হবে। বিদ্যালয় বন্ধ থাকায় বিদ্যালয়ে স্থাবর ও অস্থাবর সম্পদ সংরক্ষণ এবং যে কোন মূহুর্তে বিদ্যালয় খোলার পূর্ব প্রস্তুতি রাখতে হবে।</p> <p>বাস্তবায়ন: প্রধান শিক্ষক (সকল)।</p>

২। বিবিধ বিষয়ে কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি করেন।

(মোঃ ফসিউল্লাহ্)

মহাপরিচালক

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

ই-মেইল: dgprimarybd@gmail.com


ফোন:৫৫০৭৪৭৭৭

স্মারক নং-৩৮.০০.০০০০.১০৭.০০৬.০৩-২০২০ -১০৪

তারিখ: ৩০ ভাদ্র, ১৪২৭
৩৪ সেপ্টেম্বর, ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য)
- ৬। অফিস কপি।



মোঃ দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)

ই-মেইল: ddestiabdpe@gmail.com

ফোন: ৫৫০৭৪৯২৩

